দৈনিক ইত্তেফাক

তারিখ 10 APR 1992

61

# শিক্ষার্থীর বিলাপ

ছাত্র সংগঠনসমূহের দ্বন্দ্ব-সংঘাত এবং বিশ্ববিদ্যালয়ের ভিসি সংক্রান্ত জটিলতার কারণে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দেড় বৎসর যাবৎ অচলাবস্থা চলিতেছে। বিশ্ববিদ্যালয়ের এই সংকট নিরসনকল্পে সরকার এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন পদক্ষেপ না নেওয়ার কারণও রহস্যজনক। বড় আশা নিয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইয়াছিলাম। একদিন উচ্চ শিক্ষা লাভ করিব, চাকুরী করিব। আজ দেড় বৎসর যাবৎ যখন ক্লাস বন্ধ রহিয়াছে, এখন এই সকল আশার কথা মনে হইলে কপাল চাপড়াইতে ইচ্ছা হয়। আর্থিক দিক দিয়া ক্ষতির সম্মুখীন আমার অভিভাবক আর পড়াইতে চাহিতেছেন না। অভিভাবকের দৃষ্টিতে বিশ্ববিদ্যালয়ের এই অবস্থার সব দোষই যেন আমার নিজের। আজ অভিভাবককে বুঝানো কষ্টকর হইতেছে যে, আমার মত এমন ক্ষতির বোঝা কয়েক হাজার ছাত্র-ছাত্রী বহন করিতেছে। শুনিতেছি ঈদের ছুটির পর নিয়মিত ক্লাস নেওয়ার ব্যাপারে সমঝোতা হইয়াছে। সরকার এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আবেদন যেন নিয়মিত ক্লাস নেওয়ার পাশাপাশি অতিরিক্ত ক্লাস নেওয়ার ব্যবস্থা করা হয়। যাহাতে আমার মত দরিদ্র ছাত্রদের কিছুটা হইলেও উপকার হয়।

—মোঃ সাদেক হোসেন, ২০৩, আলাওল হল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।